ইষ্টং দত্তং হুতং জপ্তং মদর্থং যদ্ ব্রতং তপঃ॥ এবং ধর্ম্মৈর্মনুষ্যাণামুদ্ধবাত্মনিবেদিনাম্। ময়ি সঞ্জায়তে ভক্তিঃ কোঽন্যোঽর্থোঽস্যাবশিষ্যতে॥ ইত্যন্তম্॥২২৮॥

হে উদ্ধব! আমার সুধামাখা কথায় শ্রদ্ধা অর্থাৎ শ্রবণাদর, নিরন্তর আমার কীর্ত্তন, আমার পূজাতে সর্ব্বতোভাবে নিষ্ঠা, স্তুতিসমূহের দ্বারা আমার স্তব, আমার দেশ-কালোচিত পরিচর্য্যার আদর, অষ্টাঙ্গে আমার প্রণাম, আমার পূজা হইতেও আমার ভক্তের পূজা অধিক, যেহেতু ভক্তের পূজা করিলে আমার অতিশয় সন্তোষ হইয়া থাকে। দৃশ্যমান সর্ব্বভূতে আমার সত্তা আছে—এইভাবে আদর, আমারই ভজনের জন্য কায়িক চেষ্টা, লৌকিক বাক্যেও আমার গুণ বর্ণন, সঙ্কল্পাত্মক মনটি আমাতেই সমর্পণ করিবে, আমা ভিন্ন সর্ব্ব ইচ্ছা পরিত্যাগ করিবে, আমার ভজনের আনুকূল্যের জন্য ভক্তিবিরোধী বিষয় ত্যাগ করিবে, ভোগসাধন চন্দনাদি পরিত্যাগ করিবে, পুত্র-লালনপালনাদি সুখ পরিত্যাগ করিবে, আমার উদ্দেশ্যে কর্ম্ম অনুষ্ঠান করিবে, কারণ আমার সুখার্থে কৃত বৈদিককর্ম্ম ভক্তিপ্রাপ্তির কারণ হইয়া থাকে। বিষ্ণু-বৈষ্ণব সন্তোষার্থে দান করিবে। ব্রাহ্মণ-বৈষ্ণবমুখে ঘৃতপক্কান্ন প্রভৃতি সমর্পণ করিবে, ভগবন্নাম বা মন্ত্র জপ আমাতে সমর্পণ করিবে, আমার প্রাপ্তির জন্য একাদশী প্রভৃতি উপবাস করার নামই ভক্তের তপস্যা। হে উদ্ধব! এইরূপ অনুষ্ঠিত ভাগবত ধর্ম্মের দ্বারা আমাতে আত্মসমর্পণকারী মনুষ্যগণের ভক্তিবৃদ্ধি হইয়া থাকে অর্থাৎ এইপ্রকার অনুষ্ঠিত সাধনভক্তি দ্বারা প্রেমভক্তি লাভ হইয়া থাকে। এই প্রকার কায়বাক্যমনের দ্বারা কেবল ভগবৎ সন্তোষার্থে চেষ্টা রাখিয়া অনুষ্ঠিত ভাগবত ধর্ম্মের দ্বারা যাঁহারা শ্রীভগবানে আত্মসমর্পণ করিয়াছেন, তাঁহাদের অর্থাৎ যাঁহারা ভক্তিমাত্রেই কামনা করিয়া থাকেন, ভজনের বিনিময়ে অন্য কোনও কামনা করেন না, তাঁহাদের সাধনরূপ অথবা সাধ্যরূপ কোন্ প্রয়োজনপ্রাপ্তি অবশেষ থাকে? সর্ব্ব প্রয়োজনই বিনা প্রযত্নে আপনা হইতেই সিদ্ধ হইয়া থাকে। যদি সেই ভক্তিমাত্রকামী ভক্ত ধর্ম্মার্থ-কামমোক্ষ প্রভৃতিকে অনাদরও করে, তথাপি সেইসকল পুরুষার্থ তাদৃশ ভক্তের আশ্রিত অর্থাৎ অনুগত হইয়া থাকে। যেহেতু "যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চিনা সর্ব্বৈর্গুণৈস্তত্র সমাসতে সুরাঃ"; যাঁহার শ্রীভগবানে অকিঞ্চনা ভক্তি আছে, গরুড় প্রভৃতি শ্রীভগবানের প্রিয় পার্ষদগণ সর্ব্বগুণের সহিত তাঁহার (সেই ভক্তের) প্রতি আসক্ত হইয়া থাকেন॥ ২২৮॥

কর্ম্মজ্ঞানমিশ্রা যথা—নিষেবিতানিমিত্তেন স্বধর্ম্মেণ মহীয়সা। ক্রিয়াযোগেন শস্তেন নাতিহিংস্রেণ নিত্যশঃ। মদ্ধিষ্ণ্যদর্শনস্পর্শপূজাস্তুত্যভিবন্দনৈঃ ভূতেষু মদ্ভাবনয়া